

DD(ATM)
২৫/১০/২২

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা

শৃঙ্খলা ও তদন্ত শাখা

www.caab.gov.bd

নথি নং-৩০.৩১.০০০০.২২১.১৪.২০৩.২০.

২৬৯৬



তারিখ: ২০-০৯-২০২২ খ্রিঃ।

অফিস আদেশ

যেহেতু, জনাব অতনু কুমার তারণ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের রেডিও টেকনিশিয়ান পদে নিয়োগপ্রাপ্ত হয়ে বিগত ০১/০৭/২০২০ তারিখ চাকরিতে যোগদান করেন এবং পরবর্তীতে সিভিল এভিয়েশন একাডেমীতে প্রশিক্ষণ শেষে গত ০৯/০৬/২০২১ তারিখ তাকে কক্সবাজার বিমানবন্দর, কক্সবাজারে পদায়ন করা হলে তিনি পদায়িত দপ্তরে যোগদান করেননি;

২.০ যেহেতু, কর্মস্থলে যোগদান না করে বিনানুমতিতে অনুপস্থিত থাকায় কেন তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না মর্মে গত ১৫/১১/২০২১ ও ০১/০৩/২০২২ তারিখ সদর দপ্তর কর্তৃক ব্যাখ্যা তলব করা হলে তিনি কর্তৃপক্ষের কোন পত্রের জবাব প্রদান না করে দীর্ঘদিন যাবৎ কর্মস্থলে অনুপস্থিত থাকেন;

৩.০ যেহেতু, তার উক্তরূপ কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (গ) বিধি অনুযায়ী 'পলায়ন'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ বিধায় উপর্যুক্ত অপরাধে তার বিরুদ্ধে স্মারক নং-৩০.৩১.০০০০.২২১.১৪.২০৩.২০.৫৪২ তারিখ: ২৪/০৫/২০২২ মূলে বিভাগীয় মামলা নং-০৬/২০২২ রুজু করা হয় এবং বর্ণিত অভিযোগ হেতু কেন তাকে উক্ত প্রবিধানমালার ৫০(১)(খ)(উ) প্রবিধি মোতাবেক 'চাকরি হতে বরখাস্ত' করা হবে না এ মর্মে ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সরাসরি তার জবাব প্রদানসহ তিনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণে ইচ্ছুক কিনা তাও লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়;

৪.০ যেহেতু, নির্ধারিত সময়ের মধ্যে তিনি বিভাগীয় মামলার জবাব দাখিল না করায় বা ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ না করায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের সিদ্ধান্ত হলে একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

৫.০ যেহেতু, তার বিরুদ্ধে আনীত 'পলায়ন' এর অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় তার বরাবর দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

৬.০ যেহেতু, তিনি দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেননি এবং তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরিত পত্র ফেরত এসেছে; এবং

৭.০ যেহেতু, তার বিরুদ্ধে বিভাগীয় মামলার অভিযোগনামায় আনীত পলায়নের অভিযোগ, তদন্তকারী কর্মকর্তা তদন্তে প্রাপ্ত বক্তব্য ও তথ্য-উপাত্ত বিশ্লেষণ করে মতামত প্রদান করেন যে, দীর্ঘদিন যাবৎ কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে বিভাগীয় মামলার অভিযোগনামায় আনীত 'পলায়ন'-এর অভিযোগ সুস্পষ্টভাবে প্রতীয়মান। জনাব অতনু কুমার তারণ, রেডিও টেকনিশিয়ান একনাগারে ৬০ (ষাট) দিনের অধিক অনুপস্থিত থাকায় এবং তার পলায়নের অভিযোগটি সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯(গ) বিধি অনুযায়ী তাকে 'পলায়ন'-এর দায়ে দোষী সাব্যস্ত করে গুরু দণ্ড প্রদানপূর্বক বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়;

৮.০ সেহেতু, উক্ত সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১-এর ৫০(১)(খ)(উ) প্রবিধি অনুযায়ী জনাব অতনু কুমার তারণ, রেডিও টেকনিশিয়ান কে বেবিচকের রেডিও টেকনিশিয়ান পদের 'চাকরি হতে বরখাস্ত' করা হলো এবং তার বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ এতদ্বারা নিষ্পত্তি করা হলো।

৯.০ এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ মিজানুর রহমান

সদস্য (প্রশাসন)

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

৮৯০১০৬৮

বিতরণ:

- ১। পরিচালক (অর্থ)/পরিচালক (সিএনএস), সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (পত্রটি সিএএবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২। পরিচালক (সিভিল এভিয়েশন একাডেমি), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
- ৩। চেয়ারম্যানের একান্ত সচিব, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ৪। বিমানবন্দর ব্যবস্থাপক, কক্সবাজার বিমানবন্দর, কক্সবাজার।
- ৫। জনাব অতনু কুমার তারণ, পিতা-শংকর কুমার তারণ, রেডিও টেকনিশিয়ান (বরখাস্তকৃত), বেবিচক।
বর্তমান আবাসিক ঠিকানা: ২০৩ বড়ভাট মসজিদ, লালবাগ, আজিমপুর, ঢাকা।
স্থায়ী ঠিকানা: গ্রাম ও ডাকঘর-পারখাজুরা, উপজেলা-মনিরামপুর, জেলা-যশোর।